গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
**www.bpsc.gov.bd**

# বিজ্ঞপ্তি

নং- ৮০.০০.০০০০.১০৯.১১.০০৯.২৬ (অংশ-১).২৮৫

তারিখ: ০১ ভাদ্র ১৪৩৩ / ১৬ আগস্ট ২০২৬

**বিষয়: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর "পরিসংখ্যান কর্মকর্তা" (৯ম গ্রেড) পদের মৌখিক পরীক্ষার সময়সূচি।**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর "পরিসংখ্যান কর্মকর্তা" (৯ম গ্রেড) পদে (বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১০১; তারিখ: ৩১.০৮.২০২৬ খ্রি.) সরাসরি নিয়োগের জন্য অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং বিপিএসসি ফরম ৫-এ জমাদানকারী সাময়িকভাবে যোগ্য ০১ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

| পদের নাম | মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|---|
| **পরিসংখ্যান কর্মকর্তা**<br>(বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১০১;<br>বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৮.২০২৫ খ্রি.) | **২৪.০৮.২০২৬ খ্রি.**<br>**সোমবার**<br>**বেলা ৩.০০ মিনিট** | ০০০০৭২ = ০১ জন |

০২. **পরিসংখ্যান কর্মকর্তা পদে প্রার্থীর লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।** মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীর নিকট কমিশন হতে কোন আলাদা সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইট **www.bpsc.gov.bd** অথবা টেলিটকের ওয়েবসাইট **http://bpsc.teletalk.com.bd** থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। **প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

০৩. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থী **নিম্নেবর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূলকপিসহ অতিরিক্ত ০২ (দুই) সেট BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে:**

ক. প্রবেশপত্রের কপি;

খ. BPSC Form-5A (Applicant's Copy);

গ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি;

ঘ. অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ. বয়স প্রমানের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। 'ও' লেভেল এবং 'এ' লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমানের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

চ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ছ. সরকার অথবা স্থানীয় সরকার কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি;

জ. কোন সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি;

ঝ. ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;

ঞ. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের মুক্তিযোদ্ধা সনদ [প্রযোজ্য ক্ষেত্রে];

ট. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর স্বপক্ষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ [প্রযোজ্য ক্ষেত্রে];

ঠ. শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত **সুবর্ণ নাগরিক কার্ড** [প্রযোজ্য ক্ষেত্রে];

ড. তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়নপত্র [প্রযোজ্য ক্ষেত্রে];

ঢ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

ণ. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

ত. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদের কপি;

০৪. অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৫. **প্রত্যেক ডকুমেন্ট এর উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।** উল্লিখিত সনদ/ডকুমেন্টস দাখিল করতে ব্যর্থ হলে কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না।

০৬. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ/ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোন কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।

০৭. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের ন্যূনতম আধা ঘন্টা (৩০ মিনিট) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

০৮. সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

- **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- **চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

২৬/০৮/২০২৫

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)